

ঢাকা ওয়াসা

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৩

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৭.৯৯.০২৬.২৩ নথির বিষয়: মডস জোন-৩ এর আওতাধীন পানি এবং পয়ঃ লাইন মেরামত ও রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় মালামাল ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে আনয়ন কাজের অনুমোদন প্রসঙ্গে। মডস জোন-৩ এর আওতাধীন পানি এবং পয়ঃ লাইন মেরামত ও রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় মালামাল ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে আনয়ন কাজের অনুমোদন প্রসঙ্গে।
নোট: ১ নোটের বিষয়: মডস জোন-৩ এর আওতাধীন পানি এবং পয়ঃ লাইন মেরামত ও রক্ষণাবেক্ষনের জন্য প্রয়োজনীয় মালামাল ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে আনয়ন কাজের অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ২২/১১/২৩ ১০:৪৫ পূর্বাহ্ন

উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মডস জোন-৩ এর আওতাধীন ১৯টি ডিএমএ রয়েছে। তন্মধ্যে ১০ টি ডিএমএ এর কাজ শেষে জোনের কাছে হস্তান্তর করা হয়েছে। বাকি ০৯ টি ডিএমএ এর কাজ প্রক্রিয়াধীন আছে। এ সকল ডিএমএ ও নন-ডিএমএ এর পানি ও পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজের জন্য অত্র জোনের বিভাগীয় সাব-স্টোর হতে মালামাল ব্যবহার করা হয়। বিভাগীয় সাব-স্টোর পানির লাইন মেরামত ও রক্ষণাবেক্ষনের কিছু মালামাল মজুদ কম থাকায় এবং কিছু মালামাল মজুদ নেই। এখানে উল্লেখ্য, ঢাকা ওয়াসার আওতাধীন অত্র জোন একটি বৃহৎ এলাকাবিশিষ্ট ডিআইপি জোন। ফলে অত্র জোনের পানি ও পয়ঃ সমস্যা নিরসনের জন্য পানি ও পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহৃত মালামাল জরুরী ভিত্তিতে ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে সংগ্রহ করা প্রয়োজন।

কেন্দ্রীয় ভান্ডার বৃহৎ পরিসর হওয়ায় বিভিন্ন গোডাউন হতে মালামাল সংগ্রহ করতে হয়। যার প্রেক্ষিতে মালামাল গুলো গোডাউন থেকে movement, arrangement এবং counting কাজে সহযোগিতার জন্য জনবল/লব্বারের প্রয়োজন। এছাড়াও মালামাল বহনকারী পরিবহনে লোড ও আনলোড করার জন্য জনবল দরকার। এখানে উল্লেখ্য যে, মডস জোন-৩ এ অফিস মালামাল বহনকারী বড় ট্রাক না থাকায় উক্ত মালামালগুলো কেন্দ্রীয় ভান্ডার হতে সংগ্রহ করা সম্ভব হচ্ছে না। ফলে মালামাল বহনকারী ট্রাক ভাড়া করা প্রয়োজন।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ২২/১১/২৩ ১০:৫১ পূর্বাহ্ন

সেই প্রেক্ষিতে জরুরী ভিত্তিতে পানি ও পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহৃত মালামালগুলো ঢাকা ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে লোড ও আনলোড করার জন্য লেবার এবং মালামাল বহনকারী ট্রাক ভাড়া করণ ব্যবদ প্রচলিত বাজার দর অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হ'ল (সংযুক্তি:২.)। যার ব্যয়ের পরিমাণ দাড়িয়েছে ৮২৩,৬০০.০০ (তেইশ হাজার ছয়শত) টাকা মাত্র। অত্র ক্রয় কাজের ব্যয়ভার পিপিআর-২০০৮ এর বিধি ৮.১/১ অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার "স্টোর রক্ষণাবেক্ষণ" খাত ক্রমিক নং (B.19).2 হতে নির্বাহ করা যেতে পারে। কাজ শেষে ব্যয়কৃত টাকা ভাউচারের মাধ্যমে সমন্বয় করা হবে।

সংযুক্তিসমূহ (২):

১। ২০২৩-২৪ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।

২। প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ২২/১১/২৩ ১০:৫৬ পূর্বাহ্ন

এমতাবস্থায়, উপরোক্ত বর্ণনার আলোকে, মডস জোন-৩ এর পানি ও পয়ঃ লাইন রক্ষণাবেক্ষণ কাজে ব্যবহৃত মালামাল ওয়াসার কেন্দ্রীয় ভান্ডার হতে অত্র জোনের সাব-স্টোরে আনার জন্য লোড ও আনলোড কাজে লেবার সহ মালামাল বহনকারী ট্রাক ভাড়া করণ কাজটি জরুরী ভিত্তিতে সম্পাদনের নিমিত্তে নিম্নোক্ত প্রস্তাব সমূহ অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।

ক) সর্বমোট উপস্থাপিত ৮২৩,৬০০.০০ (তেইশ হাজার ছয়শত) টাকার প্রাক্কলনটি অনুমোদন।

খ) পিপিআর-২০০৮ এর বিধি ৮.১/১ অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতি (অস্থায়ী অগ্রিম) হিসাবে সম্পাদনের অনুমোদন।

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৩-২৪ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার "স্টোর রক্ষণাবেক্ষণ" খাত ক্রমিক নং (B.19).2 হতে হতে নির্বাহ করার অনুমোদন।

সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো।







২২/১১/২৩ ১১:০০ পূর্বাহ্ন

২৫/১১/২৩ ৩:০৯ অপরাহ্ন

২৫/১১/২৩ ৯:৩৭ অপরাহ্ন

২৫/১১/২৩ ৯:৩৭ অপরাহ্ন

উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩


তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস সার্কেল-১

প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন-ও রক্ষণাবেক্ষণ)

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ২৬/১১/২৩ ৫:১৪ অপরাহ্ন

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা

অনুমোদিত



২৬/১১/২৩ ৫:১৫ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)



২৭/১১/২৩ ২:৪০ অপরাহ্ন
জয়ন্ত সাহা
নির্বাহী প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-৩

২৭/১১/২৩ ২:৪০ অপরাহ্ন
অনুপমা খসরু লিঙ্গা
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা